৫৩

দৈনিক বাংলা

তারিখ 08 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

# আজ ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

আজ মঙ্গলবার সকাল ১০টায় ঢাকা শিক্ষা বোর্ডের ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার ফলাফল পরীক্ষা কেন্দ্রগুলো থেকে একযোগে প্রকাশ করা হবে। ফলাফল প্রকাশের পর সংশ্লিষ্ট কেন্দ্রের

(৫-এর পৃঃ দ্রঃ)

## আজ ঢাকা বোর্ডের

(প্রথম পৃষ্ঠার পর)

'কেন্দ্র সচিব'-এর কাছ থেকে সকল স্কুলের প্রধান শিক্ষক/শিক্ষিকা নিজ নিজ স্কুলের ফল সংগ্রহ করতে পারবেন।

পরীক্ষার্থীদের নিজ নিজ পরীক্ষার ফল কেন্দ্র বা স্কুল থেকে সংগ্রহ করার পরামর্শ দেয়া হচ্ছে।

উল্লেখ্য যে, চলতি বছর শিক্ষা বোর্ড, শিক্ষা মন্ত্রণালয় বা পত্রিকা অফিসে কোন ফলাফল পাওয়া যাবে না। খবর তথ্য বিবরণীর।

## রাজশাহী ও কুমিল্লা বোর্ডের ফল বের হবে কাল

আগামীকাল বুধবার সকাল ১০টায় রাজশাহী ও কুমিল্লা বোর্ড-এর ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার ফল পরীক্ষা-কেন্দ্রসমূহ থেকে একযোগে প্রকাশ করা হবে। ফলাফল প্রকাশের পর সংশ্লিষ্ট কেন্দ্রের 'কেন্দ্র সচিব'-এর কাছ থেকে সকল স্কুলের প্রধান শিক্ষক নিজ নিজ স্কুলের ফলাফল সংগ্রহ করতে পারবেন।

পরীক্ষার্থীদের নিজ নিজ পরীক্ষার ফল তাদের পরীক্ষাকেন্দ্র ও স্কুল থেকে সংগ্রহ করার পরামর্শ দেয়া হয়েছে।